



আমাদের এন আর সি ন্যায়সংগত এন আর সি

সব যোগ্য আবেদনকারীর নাম সন্নিবিষ্ট সম্পূর্ণ খসড়া এন আর সি ৩০ জুলাই ২০১৮ তারিখে প্রকাশ করা হবে। এটি চূড়ান্ত এন আর সি নয়। সম্পূর্ণ খসড়া এন আর সিতে নাম অন্তর্ভুক্ত না হওয়া আবেদনকারীদের যোগ্যতার প্রমাণসাপেক্ষে চূড়ান্ত এন আর সিতে নাম অন্তর্ভুক্তির জন্য পর্যাপ্ত সুযোগ দেওয়া হবে। এই আবেদনকারীদের তাদের দাবী নিদ্বারিত ফর্মে দাখিল করতে হবে। সম্পূর্ণ খসড়া এন আর সিতে অযোগ্য ব্যক্তির নাম সন্নিবিষ্ট হয়ে থাকলে তার বিরুদ্ধে আপত্তি দাখিল করারও ব্যবস্থা রয়েছে। নামের বানান, বয়স, ঠিকানার বিবরণ আদিতে কোন ভুল থাকলে সেসবের সংশোধনও করা যাবে। সব দাবী, আপত্তি এবং সংশোধন নিষ্পত্তি হওয়ার পরই চূড়ান্ত এন আর সি প্রকাশিত হবে।



জনহিতার্থে প্রচারিত

রাজ্যিক সমন্বয়ক, এন আর সি,
অসম সরকার

নাগরিক পঞ্জীয়নের মহাপঞ্জীয়ক,
গৃহ মন্ত্রণালয়, ভারত সরকার

বিশদভাবে জানতে
এবং সহায়তার জন্য

আমাদের ২৪ x ৭ বিনামূল্যের
হেল্পলাইন নম্বরে ফোন করুন

১৫১০৭ (অসমের জন্য)
১৮০০৩৪৫৩৭৬২
(অসমের বাইর থেকে)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

[f nrcassam](https://www.facebook.com/nrcassam) [@NRCupdateAssam](https://www.instagram.com/NRCupdateAssam) এ
আমাদের অনুসরণ করুন

নিম্নলিখিত প্রতিটির জন্য পৃথক ফর্ম থাকবে :

দাবী | আপত্তি | সংশোধন

কারা দাবী এবং আপত্তি দাখিল করতে পারবেন ?

- যেসব আবেদনকারী ৩১ অগাস্ট ২০১৫ তারিখ পর্যন্ত এন আর সি আবেদন পত্র দাখিল করেছিলেন, তারা দাবী উত্থাপন করতে পারবেন
- আপত্তি, যেকোন লোকই দাখিল করতে পারবেন

দাবী এবং আপত্তিসমূহ কোথায় দাখিল করবেন ?

- দাবীসমূহ শুধু এন আর সি সেবা কেন্দ্রে (এন এস কে) জমা দেওয়া যাবে যেখানে দাবীদারগণ পূর্বে তাদের আবেদনপত্রসমূহ দাখিল করেছিলেন
- কোন আবেদনকারী আবেদনপত্র দাখিল করার পর ঠিকানা বদল করলেও, দাবীসমূহ পূর্বে এন আর সি আবেদন দাখিল করা এন এস কে'তেই দাখিল করতে হবে
- যার বিরুদ্ধে আপত্তি দাখিল করা হচ্ছে তার বাসস্থানের এলাকার জন্য নির্দিষ্ট এন এস কে'তেই আপত্তি দাখিল করতে হবে
- দাবী এবং আপত্তিসমূহ নাগরিক পঞ্জীয়নের স্থানীয় পঞ্জীয়ক (এল আর সি আর)এর কাছে এন এস কেতে দাখিল করতে হবে

দাবী, আপত্তি এবং সংশোধনের আবেদনসমূহ কখন
দাখিল করবেন ?

- দাবী, আপত্তি এবং সংশোধনের আবেদনসমূহ ৩০ আগস্ট ২০১৮ তারিখ থেকে ২৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত নির্দিষ্ট আবেদনপত্রে এন এস কেতে গ্রহণ করা হবে

আবেদনপত্র কিভাবে পাবেন ?

- দাবী, আপত্তি এবং সংশোধনের আবেদনপত্র ৭ অগাস্ট ২০১৮ তারিখ থেকে এন এস কে সমূহে পাওয়া যাবে বা ওয়েবসাইট www.nrcassam.nic.in থেকে ডাউনলোডও করা যাবে।
- আবেদনপত্রের নমুনা ২৩ জুলাই ২০১৮ তারিখ থেকে ওয়েবসাইটে দেখতে বা ডাউনলোডও করতে পারবেন

যেসব আবেদনকারীর নাম সম্পূর্ণ খসড়া এন আর সিতে অন্তর্ভুক্ত হয়নি তাদের চিন্তা করার কোনও কারণ নেই।
২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি)র সময়সীমা অনুসারে সব প্রকৃত ভারতীয়ের নাম চূড়ান্ত রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে অন্তর্ভুক্ত করা হবে।

গুরুত্বপূর্ণ
তারিখ

দাবী, আপত্তি এবং সংশোধনের আবেদন দাখিল এবং গ্রহণ : ৩০ অগাস্ট থেকে ২৮ সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত
সম্পূর্ণ খসড়ায় নাম অন্তর্ভুক্ত না হওয়ার কারণ(সমূহ) জানতে আবেদনপত্র দাখিল : ৭ অগাস্ট থেকে ২৮ সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত